গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নিকলী, কিশোরগঞ্জ
www.nikli.kishoreganj.gov.bd

## মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : মোছা: শাকিলা পারভীন
উপজেলা নির্বাহী অফিসার
নিকলী, কিশোরগঞ্জ।
সভার তারিখ ও সময়: ১৩ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ, রোজঃ সোমবার, সকাল ১২.৩০ ঘটিকা।
স্থান: উপজেলা পরিষদ সম্প্রসারিত হলরুম
সভায় উপস্থিতির হাজিরা পরিশিষ্ট ''ক'' মোতাবেক।

সভাপতি প্রথমেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিভাগীয় কমিশনার মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি মান্যবর বিভাগীয় কমিশনার জনাব মো: সাবিরুল ইসলাম মহোদয়কে নিকলী উপজেলার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, নির্বাচিত জনপ্রতিনিধি, শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভায় উপস্থিত থাকার জন্য গভীর কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। অত:পর সভাপতি, বিভাগীয় কমিশনার মহোদয়কে উপস্থিত সকলের উদ্দেশ্যে কিছু বলার জন্য অনুরোধ করেন।

সভার শুরুতেই মান্যবর বিভাগীয় কমিশনার, ঢাকা মহোদয় নিকলীর সকল স্তরের মানুষকে অদ্যকার মতবিনিময় সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জানান। তিনি অত্র উপজেলার যে সমস্ত সমস্যা/বিষয় নিয়ে উর্ধ্বতন পর্যায়ে তুলে ধরা প্রয়োজন তা নিয়ে বিস্তর আলোচনার জন্য সকলকে অনুরোধ করেন।

নিকলী উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পক্ষ থেকে জনাব মো: শামসুজ্জামান চৌধুরী, চেয়ারম্যান, ছাতিরচর ইউনিয়ন পরিষদ বলেন যে নিকলী একটি হাওড় উপজেলা। নিকলীর ২টি(দুইটি) ইউনিয়ন (ছাতিরচর ও সিংপুর) পুরোপুরি হাওড় দ্বারা বেষ্টিত। তিনি জানান ছাতিরচর, সিংপুর ও নিকলী সদর ইউনিয়ন পরিষদের স্থায়ী কোন ইউনিয়ন পরিষদ ভবন নেই। এছাড়াও, ছাতিরচর ইউনিয়নে কোন ইউনিয়ন ভূমি অফিস নেই। তিনি জনভোগান্তি দূরীকরণে সিংপুর, ছাতিরচর ও নিকলী সদর ইউনিয়ন পরিষদের জন্য স্থায়ী ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ এবং ছাতিরচর ইউনিয়নে একটি ইউনিয়ন ভূমি অফিস প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন এবং এ ব্যাপারে তিনি সার্বিক সহযোগিতা কামনা করেন।

বীর মুক্তিযোদ্ধা জনাব আবু বকর সিদ্দিক, সাবেক উপজেলা কমান্ডার, নিকলী উপজেলা কমান্ড কাউন্সিল বলেন, নিকলী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের বিদ্যমান ডিজাইনটি বাণিজ্যিকভাবে ব্যবহারের ক্ষেত্রে সুবিধাজনক নয়। এমতাবস্থায়, নিকলী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের দক্ষিণ পার্শ্বে একটি দরজা করা গেলে তা অধিকতর সুবিধাজনক হতো। এছাড়া, তিনি উল্লেখ করেন যে, ইতোমধ্যে যথাযথ মাধ্যমে দক্ষিণ পার্শ্বে দরজা করার জন্য একটি আবেদন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে তিনি মান্যবর বিভাগীয় কমিশনার মহোদয়ের সার্বিক সহযোগিতা কামনা করেন।

জনাব মো: সাখাওয়াত হোসেন, উপজেলা কৃষি অফিসার, নিকলী, কিশোরগঞ্জ বলেন, নিকলীতে কর্মকর্তা/কর্মচারীদের থাকার জন্য যেসব কোয়ার্টার রয়েছে, সেগুলোর বেশিরভাগই পুরনো ও জরাজীর্ণ। তিনি আবাসিক সুবিধা উন্নত করার জন্য অনুরোধ করেন।

জনাব আনিসুজ্জামান, সহকারী শিক্ষক, দক্ষিণ দামপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, নিকলী, কিশোরগঞ্জ বলেন যে নিকলী হাওড় উপজেলা হিসেবে গেজেটভুক্ত হওয়ায় অত্র উপজেলায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণ হাওড় ভাতা পাচ্ছেন। কিন্তু আমরা নিকলী উপজেলার স্থায়ী বাসিন্দাগণ উপজেলায় থাকার কারণে হাওড় ভাতা থেকে বঞ্চিত হচ্ছি। তিনি স্থানীয় স্থানীয় শিক্ষকরা যেন হাওড় ভাতা পান সে বিষয়টি দেখার জন্য বিভাগীয় কমিশনার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া, উপজেলা শিক্ষা অফিসার জনাব নাসিমা আক্তার বলেন উপজেলার অন্যান্য দপ্তর/বিভাগ হাওড় ভাতা প্রাপ্ত হলেও উপজেলা শিক্ষা অফিস এখনো হাওড় ভাতা পাচ্ছে না। তিনি বিষয়টি দেখার জন্য অনুরোধ করেন।

জনাব শেখ উবাইদুল হক সম্রাট, নিকলী প্রতিনিধি, দৈনিক আমাদের সময় বলেন, নিকলীতে যথাসময়ে কৃষি প্রণোদনা দেয়া হয় না। এছাড়াও, নিকলী হাওড়বেষ্টিত অঞ্চল হওয়ায় এখানে বিভিন্ন খাদ্যশস্যের বীজ সংরক্ষণের জন্য একটি সীড স্টোর নির্মাণের অনুরোধ করেন। তিনি আরও বলেন, নিকলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্যা বিশিষ্ট লেখা থাকলেও বাস্তবে হাসপাতালটিতে ৫০ শয্যা নেই। এ ব্যাপারে প্রশাসনিক অনুমোদন আছে কিনা এবং পদ সৃজন হয়েছে কিনা তা নিয়ে তিনি সংশয় ব্যক্ত করেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপস্থিত ছিলেন না বিধায় এ ব্যাপারে তাৎক্ষণিকভাবে জানা সম্ভব হয়নি। অত:পর তিনি নিকলীতে বিভিন্ন রাস্তাঘাট ও অবকাঠামো নির্মাণের কাজের মান উন্নতকরণের জন্য নজরদারী বৃদ্ধির অনুরোধ করেন।

জনাব মো: সারোয়ার জাহান, অফিসার ইনচার্জ, নিকলী, কিশোরগঞ্জ বলেন, নিকলী উপজেলার আইন-শৃংখলা রক্ষায় উপজেলা প্রশাসনের সাথে নিকলী থানা কাজ করছে এবং সর্বদা সমন্বয় রক্ষা করা হচ্ছে। নিকলী উপজেলায় আগমনের জন্য বিভাগীয় কমিশনার মহোদয়কে ধন্যবাদ জানান তিনি।

জনাব আহসান মো: রুহুল কুদ্দুস ভুঞা, উপজেলা চেয়ারম্যান, নিকলী উপজেলা পরিষদ বলেন, মাননীয় বিভাগীয় কমিশনার মহোদয় নিকলী উপজেলায় আসায় নিকলীবাসী অত্যন্ত আনন্দিত। বর্তমান সরকারের আমলে নিকলী উপজেলায় ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে। তিনি বলেন যে, নিকলীতে রাস্তা-ঘাট ও অবকাঠামো নির্মাণে কাজের মান তদারকিতে সকলেই তৎপর। এছাড়া, তিনি চলমান নদী যেন সাধারণ জেলেদের জন্য উন্মুক্ত থাকে সে ব্যাপারে বিভাগীয় কমিশনার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

সম্মানিত জেলা প্রশাসক জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ মহোদয় বলেন, নিকলী উপজেলা খাদ্য শস্য উৎপাদনে একটি গুরুত্বপূর্ণ উপজেলা। নিকলী হতে বিভিন্ন সবজি বিদেশে রপ্তানী করা হয়। তিনি সকল কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন।

সম্মানিত বিভাগীয় কমিশনার জনাব মো: সাবিরুল ইসলাম মহোদয় বলেন, সোনার বাংলা বিনির্মাণে সকলকে পেশাদারিত্ব দেখাতে হবে। সততা, নিষ্ঠা, ন্যায় পরায়ণতা নিশ্চিত করে জনগণের দোড়গোড়ায় সেবা পৌঁছে দিতে হবে। কোন সেবা প্রাপ্তির ক্ষেত্রে সাধারণ জনগণ যেন কোন প্রকার ভোগান্তির শিকার না হয় তা নিশ্চিত করতে হবে। স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়াতে এবং স্বপ্রণোদিত তথ্য প্রকাশের মাধ্যম হিসেবে ওয়েব পোর্টাল ব্যবহারের বিকল্প নেই। তিনি প্রত্যেক দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট করতে এবং সরকারের বিভিন্ন উদ্যোগ/উন্নয়নমূলক কার্যক্রম ওয়েব পোর্টালে আপডেট করার অনুরোধ জানান। এছাড়া, মান্যবর বিভাগীয় কমিশনার মহোদয় সকলকে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি অত্র মতবিনিময় সভায় উত্থাপিত সকল প্রশ্নের পরিপ্রেক্ষিতে আইন, বিধি/বিধানের আলোকে বিভিন্ন দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

বর্ণিতাবস্থায়, মতবিনিময় সভায় বিভিন্ন বিষয়সমূহে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | সিংপুর, ছাতিরচর ও নিকলী সদর ইউনিয়নে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ সংক্রান্ত | সিংপুর, ছাতিরচর ও নিকলী সদর ইউনিয়নে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য জায়গা নির্ধারণ করে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। | ১. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়ন)<br>২. উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ |
| ২. | ছাতিরচর ইউনিয়নে ইউনিয়ন ভূমি অফিস স্থাপণ সংক্রান্ত | ছাতিরচর ইউনিয়নে ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের জন্য জায়গা নির্ধারণসহ প্রস্তাবের যৌক্তিকতা নির্ধারণ করে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। | ১. সহকারী কমিশনার (ভূমি), নিকলী, কিশোরগঞ্জ<br>২. উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ |
| ৩. | উপজেলা পরিষদের অভ্যন্তরে আবাসিক ভবন নির্মাণ | ক. উপজেলা পরিষদ অভ্যন্তরে সরকারী কর্মকর্তা/কর্মচারীদের জন্য নতুন আবাসিক ভবন নির্মাণের জন্য স্থান নির্ধারণপূর্বক প্রাক্কলন প্রস্তুত করে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে।<br>খ. সংস্কারযোগ্য ভবনগুলোর প্রাক্কলন প্রস্তুত করে প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে। | ১. চেয়ারম্যান, নিকলী উপজেলা পরিষদ<br>২. উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ |
| ৪. | স্থানীয় শিক্ষকদের হাওড় ভাতা প্রাপ্যতা সংক্রান্ত | শিক্ষকদের হাওড় ভাতার বিষয়ে উপজেলা ও জেলা শিক্ষা কমিটির সভায় অর্ন্তভুক্ত করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. সভাপতি/সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, নিকলী |
| ৫. | সীড স্টোর নির্মাণ | নিকলীতে সীড স্টোর নির্মাণের বিষয়ে জেলা কৃষি পুর্নবাসন কমিটির সভায় বিষয়টি উপস্থাপন করে প্রস্তাব প্রেরণের অনুরোধ করা যেতে পারে। | উপজেলা কৃষি অফিসার, নিকলী |
| ৬. | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্যায় উন্নতিকরণ | নিকলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্যায় উন্নতিকরণের বিষয়ে প্রশাসনিক অনুমোদন না থাকলে অনুমোদন গ্রহণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ |
| ৭. | নিকলী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের দক্ষিণ পার্শ্বে দরজা করা প্রসঙ্গে | নিকলী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের দক্ষিণ পার্শ্বে দরজা নির্মিত হলে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের কোন ক্ষতি হবে না মর্মে উপজেলা প্রকৌশলীর প্রত্যয়ন এবং দরজা নির্মাণের বিষয়ে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা কমিটির সভার সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সভাপতি/সদস্য সচিব, উপজেলা মুক্তিযুদ্ধ কমপ্লেক্স ভবন পরিচালনা কমিটি<br>২. উপজেলা প্রকৌশলী, নিকলী, কিশোরগঞ্জ |
| ৮. | শিল্পকলা ও ক্রীড়া সংস্থার কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে | সংস্কৃতির ও সুস্থ চর্চার বিকাশে শিল্পকলা একাডেমি ও ক্রীড়া সংস্থার কার্যক্রমকে জোরদার করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, নিকলী, কিশোরগঞ্জ |

SM

অতঃপর সভাপতি মাননীয় বিভাগীয় বিভাগীয় কমিশনার মহোদয়কে অত্র মতবিনিময় সভায় অংশগ্রহণপূর্বক গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদানের জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১১/২০২৩

(মোছা: শাকিলা পারভীন)
উপজেলা নির্বাহী অফিসার
নিকলী, কিশোরগঞ্জ

স্মারক নং-০৫.৪১.৪৮০০.০০১.০১.০০৫.১৮. ১১৮৫

তারিখ-১৩ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

০১. বিভাগীয় কমিশনার, ঢাকা
০২. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৩. উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নিকলী, কিশোরগঞ্জ।
০৫. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), নিকলী, কিশোরগঞ্জ।
০৬. উপজেলা ........................কর্মকর্তা, নিকলী, কিশোরগঞ্জ।
০৮. অফিস কপি।

১৩/১১/২০২৩

(মোছা: শাকিলা পারভীন)
উপজেলা নির্বাহী অফিসার
নিকলী, কিশোরগঞ্জ